গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

স্মারক: ৪৬.০৪.০০০০.১০৫.৩১.০০১.২৫. ২৯


তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: একই ব্যক্তির অনুকূলে একাধিক জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ সিস্টেমে (BDRIS) বিদ্যমান থাকলে অপ্রয়োজনীয় সনদ বাতিলকরণ।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একই ব্যক্তির অনুকূলে একাধিক জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ অনলাইনে বিদ্যমান থাকলে অপ্রয়োজনীয় জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ সিস্টেম (BDRIS) হতে বাতিল করা যায়।

**২। একই নিবন্ধন কার্যালয় হতে একই ব্যক্তির অনুকূলে একাধিক জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ অনলাইনে (BDRIS) বিদ্যমান থাকলে অপ্রয়োজনীয় সনদ বাতিল করার প্রক্রিয়া:**

ক) নিবন্ধন সহকারী (Authorized User) এর ইউজার আইডি হতে "বাতিলকরণ" অপশনে প্রবেশ করতে হবে;




খ) "জন্ম বা মৃত্যু সনদ বাতিলের আবেদন করুন" অপশনে প্রবেশ করে বাতিলের কারণ হিসেবে "নিবন্ধনাধীন ব্যক্তির একাধিক নিবন্ধন করা আছে" এই অপশন সিলেক্ট করতে হবে;





গ) সনদ বাতিলের নির্দিষ্ট ঘরে সনদের নম্বরগুলো বসিয়ে "অনুসন্ধান" বাটনে ক্লিক করলে নীচে ব্যক্তির অনুকূলে ইস্যুকৃত একাধিক সনদের তথ্যসমূহ প্রদর্শিত হবে এবং প্রদর্শিত তথ্যের উপরে "নীচের কোনটি বহাল রাখতে চান সেটি নির্বাচন করুন" লেখাটি দৃশ্যমান হবে;





অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ই-মেইল: bdrinfo@orgbdr.gov.bd, ওয়েবসাইট: www.orgbdr.gov.bd


ঘ) সনদধারী ব্যক্তি যে সনদটি বহাল রাখতে চান সে সনদটি নির্বাচন করতে হবে। নির্বাচিত সনদটি বাতিলের বিষয়ে নিশ্চিত হলে "হ্যাঁ" অপশনে ক্লিক করতে হবে;





ঙ) যে সনদটি থাকবে সে সনদটির অনুকূলে উপযুক্ত প্রমাণক সিস্টেমে আপলোড করতে হবে;




চ) "আবেদনকারীর তথ্য" পূরণ করে আবেদনটি "সাবমিট" করতে হবে;




ছ) আবেদনটি সাবমিটের পর সংশ্লিষ্ট নিবন্ধন সহকারী (Authorized User) এর ইউজার আইডি হতে আবেদনটি রিসিভ করতে হবে;




জ) আবেদনটি রিসিভ করার পর তা চূড়ান্ত নিষ্পত্তির জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**৩। ভিন্ন নিবন্ধন কার্যালয় হতে একই ব্যক্তির অনুকূলে একাধিক জন্ম বা মৃত্যু সনদ ইস্যু হয়ে থাকলে অপ্রয়োজনীয় সনদ বাতিলের প্রক্রিয়া:**

ক) এক্ষেত্রে সনদধারী ব্যক্তি যে নিবন্ধন কার্যালয়ের জন্ম বা মৃত্যু সনদটি বহাল রাখতে চান সে কার্যালয়ের নিবন্ধন সহকারী (Authorized User) এর ইউজার আইডি হতে "বাতিলকরণ" অপশনে প্রবেশ করে পূর্বল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে আবেদন করতে হবে;

খ) আবেদনটি সাবমিটের পর যে নিবন্ধন কার্যালয়ের সনদটি বাতিল হবে সে নিবন্ধন কার্যালয়ের নিবন্ধন সহকারী (Authorized User) এর ইউজার আইডি হতে আবেদনটি রিসিভ করতে হবে;

গ) আবেদনটি রিসিভ করার পর তা চূড়ান্ত নিষ্পত্তির জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে।

৪। কোন জন্ম সনদের অনুকূলে ইউনিক আইডি সৃজন হয়ে থাকলে বা বাতিল চাহিত সনদটি ম্যাপিং করা থাকলে সিস্টেমে সেই সনদটি বাতিলের আবেদন করা যাবেনা।

৫। সিস্টেমে একবারের বেশি বাতিল আবেদন করা যায় না বিধায় কারও অনুকূলে দুইয়ের অধিক সনদ থাকলে এক আবেদনের মাধ্যমেই সেগুলো নিষ্পত্তি করতে হবে।

৬। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০৯/০৫/২০২৩

মো: লুৎফুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৮৮৪
ই-মেইল-drg.ict@orgbdr.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। নিবন্ধক, নিবন্ধন কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ (সকল দূতাবাস, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ)।

**অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে**

১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।